

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয় (শাখা-১)
www.shed.gov.bd

নং- ৩৭.০০.০০০০.০৭৮.২০.০০১.২০১৮ (অংশ-১)-০৫

তারিখঃ ০৫ জানুয়ারী ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২১-২০২২ অর্থবছরে মুজিব বর্ষে বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রায় বঙ্গবন্ধুর উন্নয়ন ভাবনা সম্পর্কিত গবেষণা প্রস্তাব আহবান।

বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রায় বঙ্গবন্ধুর উন্নয়ন ভাবনা এবং বর্তমান সরকারের অর্জিত সাফল্য স্বীকৃত আন্তর্জাতিক গবেষণা জার্নালের মাধ্যমে বিশ্ব পরিমন্ডলে তুলে ধরার লক্ষ্যে বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান বুরো (ব্যানবেইস), শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েব-সাইটে সংরক্ষিত নির্ধারিত ফরমে গবেষণা প্রস্তাব আহবান করা যাচ্ছে।

২। বাংলাদেশের সকল পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ, স্নাতকোত্তর কলেজসমূহ, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ, পাবলিক চিকিৎসা বিশ্ববিদ্যালয় এবং প্রকৌশল বিশ্ববিদ্যালয়সমূহের বিভিন্ন বিভাগে কর্মরত শিক্ষক/গবেষক উচ্চতর গবেষণা সহায়তার জন্য আবেদন করতে পারবেন।

৩। গবেষণা সহায়তা প্রাপ্তির শর্তসমূহঃ

ক) আবেদনকারীগণকে প্রাথমিক পর্যায়ে PCN (Project Concept Note) দাখিল করতে হবে;

খ) মানসম্পন্ন দেশি, বিদেশি জার্নালে প্রকাশনা এবং গবেষণায় অভিজ্ঞতা সম্পন্ন আবেদনকারীদের অগ্রাধিকার দেয়া হবে;

গ) আবেদনকারী গবেষক টীম/গবেষক যাঁর আন্তর্জাতিক/জাতীয় পর্যায়ে সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপে প্রবন্ধ উপস্থাপনা বা অংশগ্রহণের অভিজ্ঞতা রয়েছে এমন আবেদনকারী প্রাধান্য পাবেন;

ঘ) ন্যূনতম গবেষণা অবকাঠামো, চলমান গবেষণা সাংখ্যা, গবেষণা প্রকাশনা এবং গবেষণা কর্মকাণ্ডের বৈদেশিক সংযোগমান সন্তোষজনক প্রতীয়মান হতে হবে;

ঙ) গবেষণার বিষয়বস্তু বাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রায় বঙ্গবন্ধুর উন্নয়ন ভাবনা এবং বর্তমান সরকারের অর্জিত সাফল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে; এবং

চ) গবেষণার বিষয়ে ইতোমধ্যে সাফল্য/নির্ভরযোগ্যতা/আশাব্যঞ্জক বৃৎপত্তি (Achievement) অর্জন করেছেন এমন আবেদনকারীকে অগ্রাধিকার দেয়া হবে।

৪। আবেদনপত্র আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখের মধ্যে পূরণ করে আবশ্যিকভাবে PCN (Project Concept Note) সহ অনলাইনে <http://www.gare2.banbeis.gov.bd/mujib-research> লিংক এর মাধ্যমে পাঠাতে হবে। নির্ধারিত ফরম ছাড়া কিংবা নির্ধারিত সময়ের পর ও অসম্পূর্ণ ফোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদনকারীকে গবেষণা প্রস্তাবের বিষয়বস্তুর গুরুত্ব, সাফল্য-সম্ভাবনা, গবেষণার আবশ্যিকীয় বিষয়াদি ও গবেষণা খাতে ব্যয়ের যৌক্তিকতা পাওয়ার পয়েন্টের মাধ্যমে প্রাথমিক বাছাই/জাতীয় স্টিয়ারিং কমিটির সম্মুখে প্রয়োজন যথাসময়ে উপস্থাপন করতে হবে।

৫। গবেষণা সহায়তা কর্মসূচির যাবতীয় তথ্য সম্বলিত নীতিমালা ও PCN (Project Concept Note) ফরম <http://www.gare2.banbeis.gov.bd/mujib-research> লিংক হতে সংগ্রহ করা হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ আব্দুল মতিন)
যুগ্ম-সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোনঃ ৯৫৪৯১৭৬

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/প্রচার/১৬২০

তারিখঃ ৩১-০১-২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। ডীন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুসদ/পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকৃবি, ঢাকা।

২। বিভাগীয় চেয়ারম্যান (সকল) , শেকৃবি, ঢাকা।

৩। পরিচালক (আইসিসি), শেকৃবি (বিজ্ঞপ্তিটি শেকৃবির ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

৪। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর, শেকৃবি (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ)।

৫। পি.এস.টু ডিসি(ডিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা।

৬। পি.এ.টু ট্রেজারার/রেজিস্ট্রার(ট্রেজারার/রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা।

৭। সকল নোটিশ বোর্ড, শেকৃবি, ঢাকা।

৮। অফিস কপি।



(আলম তাজ বেগম)

এডিশনাল রেজিস্ট্রার (শিক্ষা ও বৃত্তি)

শেকৃবি, ঢাকা-১২০৭।